খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা

রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০৪)

স্মারক নং- খুবি/প্রশা-৫নি-১৮/৯১(০৯)-৪৭৯ তারিখ: ০৫-০৫-২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নে বর্ণিত কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | বেতনস্কেল (জাবেস্কে'১৫ অনুযায়ী) | সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১৩) | বেতনক্রম: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি |
| ২. | ড্রাইভার (হেভী/মিডিয়াম) (গ্রেড-১৫) | বেতনক্রম: ৯,৭০০-২৩,৪৯০/- | ০৩ (তিন) টি |
| ৩. | নিরাপত্তা হাবিলদার (গ্রেড-১৬) | বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি |
| ৪. | অফিস সহায়ক (গ্রেড-২০) | বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/- | ০৪ (চার) টি |
| ৫. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি |
| ৬. | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি |
| | | মোট | ১১ (এগার) টি |

**আবেদনের শর্তাবলী :**

১) আবেদন অনলাইনে (Online) করতে হবে। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র A4 খামে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। আবেদন ফি বাবদ ক্রমিক নং ০১-০৩ এর জন্য ২০০/- (দুইশত) এবং ক্রমিক নং ০৪-০৬ এর জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনে মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করে পেমেন্ট স্লিপ যে কোন একটি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তি এবং অনলাইন পেমেন্ট সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে। **অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।**

২) **খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।**

৩) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪) **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:**
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
(ঘ) অনলাইন পেমেন্ট স্লিপের কপি

৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৬) আবেদনপত্র আগামী ০৬/০৫/২০২৬ থেকে ২০/০৫/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।

৭) কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে।

৮) ক্রমিক নং ২ এ উল্লিখিত ড্রাইভার এবং ক্রমিক নং ৪ এ উল্লিখিত অফিস সহায়ক পদে যারা গত ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখে এবং ১০/০৭/২০২৪ খ্রি. তারিখে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৯) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

১০) অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১১) নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

**(প্রফেসর ড. এস. এম. মাহবুবুর রহমান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: office@registrar.ku.ac.bd

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৪)

স্মারক নম্বর খুবি/প্রশা-৫নি-১৮/৯১(০৯)-৪৮৯ তারিখ: ০৬-০৫-২০২৬ খ্রি.

## নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

০১। **ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১৩): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ১১,০০০ - ২৬,৫৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে স্নাতক/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। জীববিজ্ঞান বিষয়ের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

অথবা

এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে সহকারী ল্যাব টেকনিশিয়ান হিসেবে (বর্তমানে মূল ৯,৩০০/- টাকা স্কেলে, গ্রেড-১৬) ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জীববিজ্ঞান বিষয়ের প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

০২। **ড্রাইভার (হেভী/মিডিয়াম) (গ্রেড-১৫): ০৩ (তিন) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৯,৭০০-২৩,৪৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ (হেভী/মিডিয়াম) মোটরগাড়ী চালনায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

০৩। **নিরাপত্তা হাবিলদার (গ্রেড-১৬): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে এইচএসসি/সমমানের পাশসহ সুঠাম দেহের অধিকারী হতে হবে। আনসার প্রশিক্ষণপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক/পুলিশ বাহিনীর কর্মচারীগণও আবেদন করেতে পারবেন। অবসরপ্রাপ্ত সামরিক/পুলিশ বাহিনীর কর্মচারীদের ক্ষেত্রে বয়স শিথলযোগ্য। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

০৪। **অফিস সহায়ক (গ্রেড-২০): ০৪ (চার) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। কম্পিউটার টাইপিং-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

০৫। **নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমানের পাশসহ সুঠাম দেহের অধিকারী হতে হবে। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট ০ ইঞ্চি থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

০৬। **পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। বংশগত সুইপার সম্প্রদায়ের প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

চলমান পাতা-০২

আবেদনের শর্তাবলী:

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র A4 খামে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। আবেদন ফি বাবদ ক্রমিক নং ০১-০৩ এর জন্য ২০০/- (দুইশত) এবং ক্রমিক নং ০৪-০৬ এর জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনে মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করে পেমেন্ট স্লিপ যে কোন একটি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তি এবং অনলাইন পেমেন্ট সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে। **অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।**

২। **খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।**

৩। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪। **প্রতিসেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি

(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)

(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি

(ঘ) অনলাইন পেমেন্ট স্লিপের কপি

৫। খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মরত গ্রেড-১৬ থেকে গ্রেড-১১ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়সের মধ্যে যে কোন একটি শিথিলযোগ্য এবং গ্রেড-২০ থেকে গ্রেড-১৭ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

৬। পরীক্ষায় গ্রেড প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০ এবং সিজিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ২.০০ থাকতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতি প্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/নারী ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯। আবেদনপত্র **আগামী ০৬/০৫/২০২৬ খ্রি. থেকে ২০/০৫/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে** ডাকযোগে/ সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।

১০। কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দণ্ডে দণ্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে।

১১। ক্রমিক নং ০২ এ উল্লিখিত ড্রাইভার এবং ক্রমিক নং ০৪ এ উল্লিখিত অফিস সহায়ক পদে যারা গত ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখে এবং ১০/০৭/২০২৪ খ্রি. তারিখে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১২। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. এস. এম. মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়